প্রথম আলো

তারিখ SEP. 07. 2006
পৃষ্ঠা ৭ কলাম

(৮)

### বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

# পশুপালন অনুষদের শিক্ষার্থীদের হাতে শিক্ষকেরা তিন ঘণ্টা অবরুদ্ধ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশুপালন অনুষদের শিক্ষার্থীরা আজকের নির্ধারিত পরীক্ষা গ্রহণের দাবিতে গতকাল বুধবার শিক্ষকদের তিন ঘণ্টা তালাবদ্ধ করে রাখেন। পরে ভারপ্রাপ্ত উপাচার্য এসে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিলে ছাত্ররা শিক্ষকদের বের হতে দেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, আজ বৃহস্পতিবার ভেটেরিনারি অনুষদের শারীরস্থান ও তন্তুবিজ্ঞান বিভাগের অধীনে পশুপালন অনুষদের লেভেল-১, সেমিস্টার ১-এর শারীরস্থান ১১৫ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা। কিন্তু ভেটেরিনারি অনুষদের শিক্ষকেরা প্রশ্নপত্র জমা না দেওয়ায় আজকের নির্ধারিত পরীক্ষা হচ্ছে না বলে জানতে পারেন শিক্ষার্থীরা। এ খবরে তারা অনুষদে এসে সকাল ১০টার দিকে অনুষদের মূল ফটকে তালা ঝুলিয়ে বিক্ষোভ করতে থাকেন। ফলে, অনুষদের ডিনসহ ৩০ জন শিক্ষক অনুষদের ভেতরে অবরুদ্ধ হয়ে পড়েন।

পরে ভারপ্রাপ্ত উপাচার্য ও ডিন কাউন্সিলের আহ্বায়ক অধ্যাপক ড. মো. বজলুর রশীদ চৌধুরী ঘটনাস্থলে উপস্থিত হন। তিনি নির্ধারিত সময়ে পরীক্ষা না নিলে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিলে ছাত্ররা তাদের অবরোধ তুলে নেন।

পশুপালন অনুষদের ছাত্র সমিতির সাধারণ সম্পাদক তানভীর আহমেদ বলেন, নির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত না হলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। উদ্ভূত যেকোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির জন্য প্রশাসনকেই দায়িত্ব নিতে হবে।

ভেটেরিনারি অনুষদের শারীরস্থান ও তন্তুবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মহিউদ্দিন আহমদ বলেন, তারা যেহেতু কর্মবিরতি কর্মসূচি পালন করছেন, তাই তাদের পক্ষে প্রশ্নপত্র প্রণয়ন করা সম্ভব হয়নি।

ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন বলেন, এ অনুষদের ছাত্র ও শিক্ষকেরা আন্দোলনে থাকায় বর্তমানে পরীক্ষা গ্রহণের কোনো পরিবেশ নেই।

পশুপালন অনুষদের ডিন অধ্যাপক ড. সৈয়দ সাখাওয়াত হোসেন বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির কোনো কর্মসূচি ছাড়া শিক্ষকদের ক্লাস পরীক্ষা নেওয়া থেকে বিরত থাকা বিশ্ববিদ্যালয় আইনের পরিপন্থী।

ভারপ্রাপ্ত উপাচার্য ও ডিন কাউন্সিলের আহ্বায়ক অধ্যাপক ড. মো. বজলুর রশীদ চৌধুরী বলেন, উপাচার্যের সঙ্গে কথা হয়েছে, পরীক্ষা না নিলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে গতকাল পশুপালন অনুষদের শিক্ষকেরা অনুষদের সভাকক্ষে ভেটেরিনারি অনুষদের পাঠ্যসূচিতে ২০ শতাংশ পশু উৎপাদনবিষয়ক কোর্স অন্তর্ভুক্তির প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এক সংবাদ সম্মেলন করেন।